

ছাত্রদের হাতে অস্ত্র থাকবে কেন?

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী

যুগান্তর রিপোর্ট

শিক্ষাসনে কোনো ধরনের সন্ত্রাসী কর্মকাণ্ড ঘটতে নেয়া যাবে না। ছাত্রদের হাতে অস্ত্র থাকবে কেন? তাদের হাতে থাকবে কলম। যারা অস্ত্র নিয়ে শিক্ষাসনে সন্ত্রাসী কর্মকাণ্ড চালায় তাদের চিহ্নিত করে আইনে সোপর্ন করা হবে। যাদের হাতে অস্ত্র থাকে তারা ছাত্র না। ওরা সন্ত্রাসী। সোমবার দুপুরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এসব কথা বলেন স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী আব্দুল মান্নান খান কামাল।

স্বরাষ্ট্র প্রতিমন্ত্রী বলেন, যেসব ছাত্রের হাতে অস্ত্র থাকে তারা ছাত্র নয়। তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ঘটনায় তদন্ত চলছে। যারা জড়িত থাকবে তাদের আইনের আওতায় আনা হবেই। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী বলেন, ছাত্রদের ওপর হান্সলাকরীরা অস্ত্র কেবায় পেশ? তারা কারা? যদি তারা ছাত্রশীর্ণও হয় তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নেয়া হবে। তারা ছাত্র হতে পারে না। কোনো শিক্ষাসনে সন্ত্রাসী কর্মকাণ্ড চালাতে দেয়া হবে না। আন্দোলনে কার ভূমিকা কি ছিল সব বিষয়ই মতিয়ে দেখা হচ্ছে। যেখানে অপরাধ পাওয়া যাবে তা চিহ্নিত করে তাদের সাধায়ে বিচার করা হবে। কাউকে ছাড় দেয়া হবে না।